

## মহিলাদের ও ইয়াতীমদের অধিকার সংক্রান্ত হাদীস

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবারাকাতুহ।

বিসমিল্লাহির রহমানির রাহীম

১। মহিলাদের ও এতিমদের অধিকার অলঙ্ঘনীয়।

হযরত আয়েশা(রাঃ) বর্ণনা করেনঃ রাসুল(সঃ) বলেছেন, হে আল্লাহ আমি ঘোষণা করছি মহিলা ও শিশুদের অধিকার অলঙ্ঘনীয় কারণ তারা দুর্বল।

২। মহিলাদের ও ভৃত্যদের প্রতি অহিংসা।

হযরত আয়েশা (রাঃ) বর্ণনা করেন , রাসুল(সঃ) কখন কোন ভৃত্য অথবা মহিলাকে আঘাত করেননি। অবশ্য আল্লাহর নির্দেশ থাকলে সেটা বাস্তবায়িত করেছেন।(মুসলিম)।

৩। মহিলাদের সাথে উত্তম ব্যবহার।

রাসুল(সঃ) বলেছেন, উন্নত চরিত্রবানরাই প্রকৃত ম'মিন। তোমাদের মধ্যে তারাই উত্তম, যারা তাদের স্ত্রীর কাছে উত্তম। (তিরমিযী)

আল্লাহ আমাদেরকে মহিলা, শিশু, এতিম ও ভৃত্যদের সাথে সদ্যবহার ও তাদের অধিকার সংরক্ষন করার তৌফিক দান করুন। আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবারাকাতুহ।